# আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম

## ব্যবহারবিধি (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জন্য)

**প্রথম ধাপঃ** আপনি যে কোন ওয়েব ব্রাউজারের (মোজিলা, গুগল ক্রোম, ইন্টারনেট এক্সপ্লোরার ইত্যাদি) মাধ্যমে এই সাইটটি ব্যবহার করতে পারবেন। যেকোন একটি ওয়েব ব্রাউজারে গিয়ে rtitracking.infocom.gov.bd এই লিংকটির মাধ্যমে সাইটে প্রবেশ করুন। অথবা তথ্য কমিশনের ওয়েবসাইট (infocom.gov.bd) থেকেও সরাসরি এই ওয়েবসাইটে প্রবেশ করার লিংক পাবেন।

**দ্বিতীয় ধাপঃ** আপনি সিস্টেমটি বাংলা এবং ইংরেজী এই দুই ভাষাতে ব্যবহার করতে পারবেন। মূলপাতার উপরে ডানপাশে বাংলা ও ইংরেজি লেখা বাটনে ক্লিক করার মাধ্যমে আপনার কাঙ্খিত ভাষাটি নির্বাচন করুন।

**তৃতীয় ধাপঃ** ওয়েবসাইটের 'নিবন্ধন' বাটনে ক্লিক করলে আপনি ড্রপ-ডাউনে চারটি অপশন দেখতে পারবেন। অপশনগুলোর মধ্য থেকে 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'র উপর ক্লিক করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'র নিবন্ধনের পৃষ্ঠাটি দেখতে পাবেন। (চিত্র: ১)




চিত্র: ১ (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিবন্ধন)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'র নিবন্ধনের পৃষ্ঠাটিতে দুইটি অংশ রয়েছে। পৃষ্ঠাটি যেভাবে পূরণ করবেন তা নিচে দেয়া হল-

**১ম অংশঃ আপীল কর্তৃপক্ষের তথ্য**

- প্রথমে আপনার আপীল কর্মকর্তার অফিসের ঠিকানা ড্রপ-ডাউন থেকে চিহ্নিত করুন।
- এরপর ড্রপ-ডাউন থেকে অফিসের নাম চিহ্নিত করুন।
- অফিসের নাম চিহ্নিত করা হলে আপনি আপীল কর্তৃপক্ষের নাম ও পদবী দেখতে পাবেন।

আপীল কর্তৃপক্ষ সিস্টেমটিতে নিবন্ধিত না হলে আপনি একটি মেসেজ দেখতে পাবেন।


**২য় অংশঃ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য**

- অফিসের ঠিকানা অংশটির ড্রপ-ডাউন থেকে অফিসের ঠিকানা চিহ্নিত করুন।
- অফিসের নাম লিখুন।
- পদবী লিখুন।
- সম্পূর্ণ নাম লিখুন।
- মোবাইল নম্বর লিখুন।
- ই-মেইল লিখুন।
- সুবিধামত ‘ইউজারনেম’ লিখুন।
- সুবিধামত ‘পাসওয়ার্ড’ লিখুন।
- ‘পাসওয়ার্ড’ নিশ্চিত করার জন্য আবার ‘পাসওয়ার্ড’ লিখুন।
- নিয়োগ আদেশ সংযুক্ত করুন।
- এবার ‘তৈরি করুন’ বাটনে ক্লিক করুন।

এরপর এডমিন আপনার প্রোফাইলটির অনুমোদন দিবেন। প্রোফাইলটি অনুমোদিত হলে একটি এসএমএস ও ই-মেইলের মাধ্যমে আপনাকে জানানো হবে।

**চতুর্থ ধাপঃ** নিবন্ধনের পর আপনি যেকোন সময় আপনার ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করে সিস্টেমে লগ ইন করতে পারবেন। সিস্টেমে লগ ইন করতে মূলপাতার ডানপাশে উপরের লগ ইন বাটনে ক্লিক করুন। আপনার ইউজারনেম ও পাসওয়ার্ডটি আপনার ইউজারনেম ও পাসওয়ার্ডটি লিখুন এবং লগ ইন করুন। তবে কোন কারণে পাসওয়ার্ড ভুলে গেলে ‘পাসওয়ার্ড ভুলে গেছেন’ বাটনে ক্লিক করুন। এরপর আপনার ই-মেইল অথবা মোবাইল নম্বর লিখুন এবং ‘অ্যাকাউন্টটি খুঁজুন’ বাটনে ক্লিক করুন।

**পঞ্চম ধাপঃ** দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে আপনি আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমে লগ ইন করার মাধ্যমে আপনার ড্যাশবোর্ড ব্যবহার করতে পারবেন। (চিত্র: ২)




| ক্রমিক নং | ট্র্যাকিং নং | আবেদনের তারিখ | আবেদনের বিষয় | আবেদনের অবস্থা | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|---|---|---|
| ১ | ৩৩১৬১৭ | ২০১৯-১০-২৮ ০৫:২১:৫২ | টেস্ট আবেদন | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে | ২০১৯-১১-১৬ |
| ২ | ৬১৪১৯৯ | ২০১৯-১০-২৭ ১১:৩১:০৩ | testing | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে | ২০১৯-১১-১৫ |
| ৩ | ৭৪১৫৯৯ | ২০১৯-১০-২৭ ১১:৩০:৩৫ | testing | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে | ২০১৯-১১-১৫ |
| ৪ | ৪২৭৩২৬ | ২০১৯-১০-২৭ ০৭:১৭:৫১ | টেস্ট ২ | To The IC | ২০২০-০১-১০ |
| ৫ | ৩৩০৬৫৬ | ২০১৯-১০-২৭ ০৫:৫৪:০৯ | এই অর্থ বছরে বাজেট কতো | আপিল কর্তৃপক্ষের কাছে | ২০১৯-১১-১১ |
| ৬ | ১৯৫০৫২ | ২০১৯-১০-২৭ ০৫:৪৪:১৮ | টেস্ট | আপিল কর্তৃপক্ষ কর্তৃক জবাব দিয়েছেন | ২০১৯-১১-১০ |

চিত্র: ২ (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ড্যাশবোর্ড)

এই ড্যাশবোর্ডে আপনি 'প্রোফাইল' ও 'আবেদনের অবস্থা' অপশন দুইটি পাবেন। 'প্রোফাইল' বাটনে ক্লিক করে আপনি আপনার প্রোফাইল এডিট করতে পারবেন। আপনার অ্যাকাউন্টের পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন। 'আবেদনের অবস্থা' বাটনে ক্লিক করে আপনি আপনার কাছে যেসব আবেদন জমা পড়েছে সেগুলোর বিস্তারিত দেখতে পারবেন। 'আপনি ড্যাশবোর্ডের উপরে 'অনুসন্ধান' বাক্সে আপনার কাছে আসা যেকোন আবেদন খুঁজতে পারবেন। এর নিচের অংশে আপনি আপনার কাছে যত গুলো আবেদন জমা হয়েছে তার সংখ্যা দেখতে পারবেন। এবং সবগুলো আবেদনের একটি তালিকা দেখতে পারবেন। এই তালিকা থেকে আপনি প্রতিটি আবেদনের বিস্তারিত পৃষ্ঠায় গিয়ে আবেদনের জবাব দিতে পারবেন। (চিত্র: ৩) ড্যাশবোর্ডের ডানপাশে আপনি লগ আউট করার অপশন পাবেন।




চিত্র: ৩ (আবেদনের বিস্তারিত)

**অন্যান্যঃ** আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমের ডান পাশে উপরের দিকে একটি বার্গার মেন্যু (চিত্র: ৪) আছে।




চিত্র: ৪ (বার্গার মেন্যু)

এই মেন্যুতে ৮টি অপশন দেয়া আছে। ব্যবহারকারী এই মেন্যুবার থেকে তার পছন্দ অনুযায়ী যেকোন অপশন ক্লিক করে ব্যবহার করতে পারবেন। মেন্যুবারের অপশন গুলো হল-

- আবেদন (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আবেদন করতে পারবেন)
- অভিযোগ (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে তথ্য কমিশনে অভিযোগ করতে পারবেন)
- কর্তৃপক্ষের তালিকা (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে কর্তৃপক্ষের তালিকা দেখতে পারবেন)
- আরটিআই ফর্ম (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে তথ্য অধিকার আইন সম্পর্কিত বিভিন্ন ম্যানুয়াল ফরম দেখতে পারবেন এবং ডাউনলোড করতে পারবেন)
- আরটিআই আইন (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে তথ্য অধিকার আইন, ২০০৯ এর গেজেট দেখতে পারবেন এবং ডাউনলোড করতে পারবেন)
- ব্যবহার বিধি (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে কিভাবে এই ওয়েবসাইটটি ব্যবহার করবেন তা জানতে পারবেন)
- সাধারণ জিজ্ঞাসা (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম বিষয়ক বিভিন্ন প্রশ্ন ও তার উত্তর জানতে পারবেন)

আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমের নিচের অংশে ‘সাইটম্যাপ’, ‘আমাদের কথা’, ‘যোগাযোগ’, ‘মতামত’ অপশনগুলো রয়েছে।

- সাইটম্যাপ (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে ওয়েবসাইটের কি কি ফিচারস রয়েছে তা জানতে পারবেন এবং এর পাশে কিছু লিংক পাবেন যা ক্লিক করে এই ফিচারস গুলোতে যেতে পারবেন)
- আমাদের কথা (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে ওয়েবসাইটটি সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন)
- যোগাযোগ (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আরটিআই ওটিএস সম্পর্কিত যেকোন সমস্যা সমাধানের জন্য ফোন বা ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারবেন)
- মতামত (ব্যবহারকারী এই অপশনটিতে ক্লিক করে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম সম্পর্কে তার নিজস্ব মতামত, জিজ্ঞাসা, অভিযোগ, পরামর্শ শেয়ার করতে পারবেন)

**ধন্যবাদ।**